

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ৩০ জুন ২০২১ পর্যন্ত  
বাস্তবায়িত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন

বিএনসিইউ'র পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইউনেস্কো মহাপরিচালকের নিকট হতে বাণী সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয় এবং এ কাজে প্যারিসে নিযুক্ত ইউনেস্কোর স্থায়ী প্রতিনিধির সাথে যোগাযোগ করা হয়। জাতির পিতার অবদানের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক প্রথমবারের মত ইউনেস্কোর মহাপরিচালক তাঁর বাণী প্রেরণ করেন। ইউনেস্কোর সাথে যৌথভাবে মুজিববর্ষ উদযাপনের মাধ্যমে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে মানবতার কল্যাণে বঙ্গবন্ধু শেখ মুজিবের অবদান ও আত্মত্যাগ এর বীরগাঁথা দেশের গভি পেরিয়ে বিশ্বদরবারে পৌঁছে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইউনেস্কো মহাপরিচালকের বাণী



International, Scientific and Cultural Organization  
 Organisation des Nations Unies pour l'Éducation, la Science et la Culture  
 Organización de las Naciones Unidas para la Educación, la Ciencia y la Cultura  
 Организация Объединённых Наций для образования, науки и культуры  
 منظمة الأمم المتحدة للتربية والعلم والثقافة  
 联合国教育、科学及文化组织

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর  
৪৫তম শাহাদাত-বার্ষিকীতে

## বাণী

ইউনেস্কো মহাপরিচালক  
মিঃ অড্রে অজোল  
১৫ আগস্ট, ২০২০



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত-বার্ষিকীতে আমি তাঁর জীবন ও কর্মনির্দেশ প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। বঙ্গবন্ধুর মৃত্যুর সাত্টি চার দশক পর আজও তাঁর দেশের অনাথদের অধিকার ও মুক্তির অশ্রু বিধে তাঁর আসামান্য অবদান, সংগ্রাম ও আত্মত্যাগের কথা শ্রদ্ধাকরে স্মরণ করছে।

আমাদের সংস্থা যে - অগ্রভুক্তিমূলক, ন্যায়সঙ্গত ও গণতান্ত্রিক সমাজের কথা বলে- সে আকাঙ্ক্ষা বঙ্গবন্ধু ব্যক্ত করেছিলেন ১৯৭১ সালের ৭ই মার্চ তাঁর ঐতিহাসিক ভাষণে - যা এখন ইউনেস্কো মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্সটিটিউশনাল রেজিস্টারে অর্জিত।

এ বছর ইউনেস্কো সারা বিশ্বের সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করছে। একটি ন্যায়তর বিবেচনা সর্বজনীন নীতিগত, সংস্কৃতি, জাতি ও ধর্মের জনগণের সম্মান প্রতিষ্ঠায় তাঁর স্বপ্ন পূরণে আমাদের অঙ্গীকার পুনর্বক্ত করার এটা এক অনন্য সুযোগ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি সুন্দর জীবন। বিদ্যমান বিভিন্ন জাতির মধ্যে ঐক্য প্রতিষ্ঠায় গভীরভাবে বিশ্বাস করতেন। তাঁর এই বিশ্বাস তিনি ১৯৭৪ সালে জাতিসংঘে প্রদত্ত তাঁর ভাষণে পুনর্বক্ত করে বলেছিলেন, জনগণের শক্তিতে, অনন্য আত্মবিশ্বাস নিয়ে যে কোনো অসাধ্য সাধন ও দুর্ভাগ্য বাধা অতিক্রম করা সম্ভব। বিনামূল্যে সংকট ও চ্যালেঞ্জ মোকাবিলায় তাঁর এই বিশ্বাসে অশেষরূপে হয়ে আমাদের কাজ করে যাওয়া উচিত।

কোভিড-১৯ মহামারী ও এর প্রভাবে যখন সমাজের চিত্রিত এক কয়েক দশকে ইউনেস্কো অর্জনসমূহ ফিরে সন্দেহীয় হতে যাচ্ছে তখন আমাদের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ে আমরা দৃষ্টিপথ হারাতে পারি না।

এটা নিশ্চিত বঙ্গবন্ধুর কর্মময় জীবনানন্দে আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার অপরিমিত উৎস হয়ে থাকবে যা বিশ্বকে নতুনভাবে সাজানোর কাজে সহায়তা করবে।



Audrey Azoulay

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইউনেস্কো মহাপরিচালকের বাণী (অনুবাদকৃত)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং পরবর্তীতে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল এবং বিএনসিইউ'র কনফারেন্স কক্ষে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে মানবতার কল্যাণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর অবদান ও আত্মত্যাগ এর বীরগাঁথা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।




ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ



বিএনসিইউ'র কনফারেন্স কক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবের অবদান ও আত্মত্যাগ এর বীরগাঁথা বিষয়ক আলোচনাসভা

বঙ্গবন্ধুর স্মৃতির প্রতিশ্রদ্ধা নিবেদনপূর্বক তাঁর বাণী সম্বলিত বেশ কয়েকটি ছবি ফ্রেমে বাঁধাই করে বিএনসিইউ অফিস প্রাঙ্গণের বিভিন্ন জায়গায় সন্নিবেশ করা হয়।



বঙ্গবন্ধুর বাণী সম্বলিত ছবি

বিএনসিইউ ওয়েবসাইটে “A Tribute to The Father of The Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on his Birth Centenary” শিরোনামে একটি ডকুমেন্টারি প্রদর্শনীর জন্য প্রস্তুত এবং আপলোড করা হয়।

ইউনেস্কো নির্বাহী বোর্ড সভার ২১০ তম অধিবেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর ক্রিয়েটিভ ইকোনমি প্রবর্তিত হয়। সৃষ্টিশীল অর্থনীতি বিকাশে উদ্যোগী প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে বিশেষ অবদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান/সরকারি/বেসরকারী সংস্থা এই পুরস্কারের জন্য আবেদন করতে পারবে। ২০২১ সালে প্রথম বারের মত এই পুরস্কারের জন্য মনোনয়ন আহ্বান করা হয়। বিএনসিইউ এ উপলক্ষ্যে প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়াসহ বিভিন্ন মাধ্যমে প্রচারণা চালায় এবং সংগৃহীত মনোনয়ন যাচাই-বাছাইপূর্বক ইউনেস্কোতে প্রেরণ করে। এ পুরস্কারের জন্য নির্ধারিত অর্থমূল্য ৫০০০০ (পঞ্চাশ হাজার) মার্কিন ডলার। ইউনেস্কো কর্তৃক নির্ধারিত একটি আন্তর্জাতিক জুরি বোর্ডের মাধ্যমে এই পুরস্কার প্রদান করা হবে।



People's Republic of Bangladesh  
Bangladesh National Commission for UNESCO (BNCU)  
Ministry of Education  
www.bncu.gov.bd

### UNESCO CALLS FOR NOMINATIONS-2021

#### UNESCO-Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman International Prize for the Creative Economy

The purpose of the Prize is to recognize and reward innovative projects or programmes undertaken by an individual, institution, entity or non-governmental organization to promote entrepreneurship in the creative economy (such as cinema/audio-visual, design, media arts, music, performing arts, publishing, and visual arts etc) by young people starting from the age of 16.

For more details please visit: <https://en.unesco.org/creativity/news/call-nomination-unesco-bangladesh-bangabandhu-sheikh>

Created in 2020 following the decision of the UNESCO Executive Board (210 EX/15), and named after **Bangabandhu Sheikh Mujibur Rahman**, Father of the nation of Bangladesh, the Prize will be awarded for the first time in 2021. The Prize winner shall receive a monetary award of US \$50,000.

The nominations with supporting documents must be submitted in English (**Hard copy at BNCU office and Soft copy at unescobangabandhu@prize@gmail.com**) by 14 July 2021. Documents received after 14 July 2021 will not be considered.

+88 01712 29 38 89  
1, Zahir Raihan Road, Palasay-Nikhet, Dhaka-1205.  
Tel: +880-2-8627969, +880-2-9675002, Email: natcombdb@yahoo.com

Md. Shohel Imam Khan  
Deputy Secretary General  
On behalf of  
Bangladesh National Commission for UNESCO

ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর ক্রিয়েটিভ ইকোনমি শীর্ষক বিজ্ঞাপন

বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনপূর্বক বিএনসিইউ'র লাইব্রেরিকক্ষে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়। বিএনসিইউ'র অফিস প্রাঙ্গণে KIOSK এ “A Tribute to The Father of The Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on his Birth Centenary” নামক ডকুমেন্টারি প্রদর্শনীর ব্যবস্থা করা হয়। বিএনসিইউ ওয়েবসাইটে ‘বঙ্গবন্ধু কর্নার’ শিরোনামে একটি মেনুবার স্থাপন করা হয়। সেখানে বঙ্গবন্ধুর জীবনের গুরুত্বপূর্ণ বিষয়বলী অন্তর্ভুক্ত করা হয়।



শিশু-কিশোরদের মধ্যে বঙ্গবন্ধুর চেতনার বিকাশ এবং তারা যাতে বঙ্গবন্ধুকে আরোও নিবিড়ভাবে জানতে পারে সে লক্ষ্যে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন ASPnet (Associated School Project Network) এর অন্তর্ভুক্ত ঢাকার ৪০ টি স্কুলের শিক্ষার্থীদের নিয়ে রচনা প্রতিযোগিতা আয়োজন করে। ষষ্ঠ-অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা ('ক' গ্রুপ) 'বঙ্গবন্ধুর স্বপ্ন ও আগামী বাংলাদেশ', নবম-দশম শ্রেণির শিক্ষার্থীরা 'নেতৃত্বের গুণাবলী বিকাশে বঙ্গবন্ধুর চেতনা' ('খ' গ্রুপ) এবং একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা ('গ' গ্রুপ) 'বাঙালি জাতিসত্তার স্ফূরণ ও বঙ্গবন্ধু' শীর্ষক বিষয়ে অনলাইন ভিত্তিক এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানের পাশাপাশি অংশগ্রহণকৃত সকল শিক্ষার্থীকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই এবং সার্টিফিকেট পুরস্কার প্রদান করা হয়েছে। চলমান কোভিড ১৯ পরিস্থিতি বিবেচনায় শিক্ষার্থীদের উক্ত অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়নি। বিএনসিইউ এর ডেপুটি সেক্রেটারি জেনারেল, জনাব মোঃ সোহেল ইমাম খান উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের নিকট পুরস্কার তুলে দেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ (মুজিববর্ষ) উদযাপন উপলক্ষে ইউনেস্কোর ASPnet (Associated School Project Network) এর অন্তর্ভুক্ত ঢাকার ৪০ টি স্কুলের শিক্ষার্থীদের নিয়ে রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

বিভিন্ন অংশীজনের সমন্বয়ে মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু, শিক্ষা, বিজ্ঞান, আইসিটি, সংস্কৃতি বিষয়ক সিরিজ সেমিনার/ ওয়ার্কশপ/ আলোচনা সভার অংশ হিসেবে “বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য” শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। প্রতিভাশা কবি ও বাংলা একাডেমি এর নবনিযুক্ত মহাপরিচালক জনাব মুহম্মদ নূরুল হুদা এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।



“বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য” শীর্ষক সেমিনার

এছাড়াও, বিএনসিইউ গ্রন্থাগারে মুক্তিযুদ্ধ কর্ণারের পাশে প্রদর্শনীর জন্য সূবর্নজয়ন্তী কর্ণার স্থাপন করা হয়েছে এবং মুজিববর্ষ ও স্বাধীনতার সূবর্নজয়ন্তীর লোগো সম্বলিত উপহার সামগ্রী বিতরণের জন্য প্রস্তুত করা হয়েছে। কার্যক্রমের অংশ হিসেবে অন্যান্য কর্মসূচী চলমান রয়েছে যা ২০২১ সালের ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন করা হবে।